## জোড়া ভূমিকম্প



ধ্বংসস্তূপ সরিয়ে চলছে উদ্ধারকাজ। কারাকাসে। ছবি: এপি

# লন্ডভন্ড ভেনেজুয়েলা, মৃত ১৬৪, আহত ৯৭১

**সংবাদ সংস্থা**
কারাকাস, ২৫ জুন

একশো বছরে এমন জোরালো জোড়া ভূমিকম্প দেখেনি ভেনেজুয়েলা। লাতিন আমেরিকার দেশটিতে এর অভিঘাতে একশোজনের বেশি মানুষের মৃত্যু হয়েছে। আহত হাজার ছুঁইছুঁই। কঠিন সময়ে দেশবাসীর পাশে থাকার আশ্বাস দিয়েছেন ভেনেজুয়েলার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ডেলসি রডরিগেজ। ভারত, আমেরিকা, জার্মানি–সহ বহু দেশ ভেনেজুয়েলার দিকে সাহায্যের হাত বাড়িয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এক্স হ্যান্ডলে লিখেছেন, 'ভেনেজুয়েলার ভয়াবহ ভূমিকম্পে গভীর ভাবে মর্মাহত। ভারতবাসীর পক্ষ থেকে আমি ভেনেজুয়েলার সরকার ও জনগণের প্রতি, বিশেষ করে নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছি।'

বুধবার স্থানীয় সময় সন্ধে ৬টা (ভারতীয় সময় বৃহস্পতিবার ভোর সাড়ে তিনটে)। হঠাৎ ভূমিকম্পের তীব্র ঝাঁকুনি। রিখটার স্কেলে এর তীব্রতা ৭.২। ভূমিকম্পের উৎসস্থল ভেনেজুয়েলার রাজধানী কারাকাস থেকে ১৬৮ কিমি পশ্চিমে ক্যারিবিয়ান উপকূলের মোরন শহরের পশ্চিমে, ভূগর্ভের ১৩ কিমি গভীরে। আতঙ্কিত লোকজন ঘর ছেড়ে তখনও বাইরে বেরতে পারেননি। প্রথম ধাক্কা সামলে উঠতে পারেননি। ৩৯ সেকেণ্ডের ব্যবধানে ফের ভূমিকম্প। কম্পন এবার আরও জোরাল। রিখটার স্কেলে এবারের ভূকম্পের তীব্রতা ৭.৫। উৎসস্থল মোরন থেকে ১৬ কিমি দক্ষিণ পশ্চিমে ভূগর্ভের ১০ কিমি গভীরে। নিরাপদ জায়গায় ঠাঁই নেওয়ার আগেই ভূকম্পের থাবায় ১৬৪ জনের মৃত্যু হয়। আহত ততক্ষণে ৯৭১। সূত্রের খবর, মৃতের সংখ্যা ১০ হাজার থেকে একলক্ষ পর্যন্ত পৌঁছোতে পারে। ভেনেজুয়েলার ভয়ানক ভূমিকম্পের পর ব্রাজিলের আমাজনের বহু বাসিন্দাকে নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হয়। রাজধানী কারাকাস, ট্রুজিলো, ইয়ারাকুই, কারাবোবো, মিরান্দা— সর্বত্র যত দূর চোখ যায় শুধুই ধ্বংসস্তূপ। সবচেয়ে ক্ষতিগ্রস্ত সমুদ্রের তীরবর্তী শহর লা গুয়াইরা। ধূলিসাৎ হয়েছে অসংখ্য ঘরবাড়ি, দোকানপাট। ভেঙে পড়েছে একের পর এক বহুতল, বিদ্যুতের খুঁটি, মোবাইল টাওয়ার। বিস্তীর্ণ এলাকা অন্ধকারে ডুবেছে। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন। ভূমিকম্প–বিপর্যস্ত লা গুয়াইরা–সহ অন্যান্য শহরের অসংখ্য ছবি ভাইরাল হয়েছে। দেখা যাচ্ছে কোনও বহুতল মাঝখান থেকে ভেঙে পড়েছে, কোনওটি হেলে পড়েছে, কোনওটি তাসের ঘরের মতো হুড়মুড় করে ভেঙে পড়েছে। আতঙ্কিত লোকজন বাঁচার চেষ্টায় বাড়ি থেকে দৌড়ে বাইরে আসছেন।

কংক্রিটের ভেতর থেকে আহতদের উদ্ধার করার চেষ্টা চলছে। দিনের আলো ফুটলে যুদ্ধকালীন তৎপরতায় উদ্ধারকাজ শুরু হয়। ভেঙে পড়া বহুতলের ভেতর থেকে জীবিত তিন খুদেকে উদ্ধার করা হয়েছে। ক্ষতিগ্রস্ত কারাকাসের কাছে আন্তর্জাতিক বিমানবন্দর। কারাকাসের সমস্ত স্কুল–কলেজ বন্ধ। ভেনেজুয়েলা প্যাসিফিক রিং অফ ফায়ারের মধ্যে নয়। ক্যারিবিয়ান ও সাউথ আমেরিকান টেকটোনিক প্লেটের সংযোগস্থলের কাছে অবস্থিত। সক্রিয় টেকটোনিক প্লেটের কাছে না থাকায় অবস্থানগত কারণে জোরালো আঘাত সইতে হয় না।

### আগাম বার্তা

**ভেনেজুয়েলায় ভূমিকম্প আঘাত করার আগেই টের পেয়েছিল গুগ্‌ল। স্মার্টফোনে সতর্কবার্তা পাঠিয়েছিল। সমাজমাধ্যমে এমনই দাবি অনেকের। ভূমিকম্পের আগাম খবর গুগ্‌ল টের পেল কী করে? উত্তর আছে স্মার্টফোনে। স্মার্টফোনে এক্সেলেরোমিটার নামের একটি সেন্সর রয়েছে। স্বয়ংক্রিয় এই সেন্সর মৃদু থেকে মৃদু কম্পন পর্যন্ত অনুভব করতে সক্ষম। ভূগর্ভে জোরালো কম্পন হলে সেন্সরটি সক্রিয় হয়ে ওঠে। গুগ্‌ল অ্যান্ড্রয়েড আর্থকোয়েক অ্যালার্ট সিস্টেমে জানান দেয়। সেভাবেই ভূমিকম্পের আঁচ পেয়ে গুগ্‌লকে জানিয়েছিল। এবং সেন্সর মারফত আসা সতর্কবার্তা জানিয়েছিল গুগ্‌ল।**

## পাসপোর্ট তৈরির খরচ বাড়তে চলেছে

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ২৫ জুন

বাড়তে চলেছে নতুন পাসপোর্ট তৈরির খরচ। ১ জুলাই থেকে নতুন পাসপোর্ট তৈরির খরচ বাড়িয়ে ২,৫০০ টাকা করল কেন্দ্রীয় সরকার। এত দিন পর্যন্ত নতুন পাসপোর্ট তৈরিতে খরচ ছিল ১,৫০০ টাকা। তৎকাল পাসপোর্ট তৈরির খরচ বাড়িয়ে করা হয়েছে ৫,০০০ টাকা।

কেন্দ্র বৃহস্পতিবার বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ৩৬ পাতার সাধারণ পাসপোর্ট তৈরিতে খরচ পড়বে ২,৫০০ টাকা। তবে ৬০ পাতার পাসপোর্ট হলে খরচ বেড়ে হবে ৩,৫০০ টাকা। ভারতে এই ফি প্রযোজ্য হবে। বিদেশের ক্ষেত্রে ৩৬ পাতার পাসপোর্ট তৈরির খরচ হবে ১২৫ ডলার, তৎকাল হলে ২৫০ ডলার। তবে ৬০ পাতার ক্ষেত্রে খরচ বেড়ে হবে ১৭৫ ডলার এবং ৩০০ ডলার। জানানো হয়েছে, পাসপোর্ট বিধি সংশোধন করে এই ফি বৃদ্ধি করা হয়েছে। কেন্দ্র জানিয়েছে, ১৮ বছরের ঊর্ধ্বে এই ফি–কাঠামো প্রযোজ্য। নাবালকদের ক্ষেত্রে এই খরচ অনেকটা কম হবে। বিজ্ঞপ্তি অনুযায়ী, ১৮ বছরের কম বয়সিদের ৩৬ পাতার সাধারণ পাসপোর্ট তৈরির খরচ ১,৭৫০ টাকা, বিদেশের খরচ ৯০ ডলার। তৎকাল পাসপোর্টে নাবালকদের ভারতে ফি ৪,২৫০ টাকা, বিদেশের ক্ষেত্রে ২১৫ ডলার। বুধবার কেন্দ্র জানায়, পাসপোর্ট নাগরিকত্বের প্রামাণ্য নথি হিসেবে গণ্য করা হবে না। পাসপোর্ট আইনের ধারা তুলে কেন্দ্র জানিয়েছে, যদি সরকার মনে করে, তা হলে ভারতীয় নাগরিক নন, এমন কোনও ব্যক্তিকেও পাসপোর্ট বা ভ্রমণ–সংক্রান্ত কোনও নথিপত্র দিতে পারে।

## জরুরি অবস্থার ৫০ বছরে কংগ্রেসকে কটাক্ষ

# গণতন্ত্রের ইতিহাসে অন্ধকার দিন: মোদি

**বীরেন ভট্টাচার্য**
দিল্লি, ২৫ জুন

জরুরি অবস্থার সময়কালকে দেশের গণতন্ত্রের সবচেয়ে অন্ধকারাচ্ছন্ন অধ্যায় বলে মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বৃহস্পতিবার জরুরি অবস্থার ৫০ বছর পূর্তি। ১৯৭৫ সালের ২৫ জুন গভীর রাতে তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সুপারিশে জরুরি অবস্থা জারি করেছিলেন রাষ্ট্রপতি। ক্ষমতায় আসার পর থেকেই জরুরি অবস্থা জারির দিনটিকে 'সংবিধান হত্যা দিবস' হিসেবে পালন করে আসছে বিজেপি। বৃহস্পতিবার সংবিধান হত্যা দিবসকে স্মরণ করে কংগ্রেসকে আক্রমণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন থেকে শুরু করে কেন্দ্রীয় মন্ত্রী এবং বিজেপি নেতারা।

একটি বিবৃতিতে প্রধানমন্ত্রী মোদি বলেছেন, 'আমাদের সংবিধানের ওপর সরাসরি আক্রমণ ছিল 'জরুরি অবস্থা'। সেই সময় নাগরিকদের স্বাধীনতা হরণ, মত প্রকাশের স্বাধীনতা খর্ব, রাজনৈতিক নেতা এবং সাংবাদিকদের গ্রেপ্তারি থেকে শুরু করে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলির ওপর তীব্র আক্রমণ করা হয়েছিল।' তিনি বলেন, 'আক্রমণের মুখেও কিন্তু অসংখ্য নাগরিক ছিলেন যাঁরা নীরব থাকতে পারেননি এবং আমাদের সংবিধানের নীতিকে তুলে ধরার কাজ করেছিলেন।' প্রধানমন্ত্রী বলেছেন, 'সংবিধান আমাদের ১৪০ কোটি নাগরিকের প্রত্যাশা, অধিকার ও কর্তব্য পালনের মূর্ত প্রতীক। সংবিধানের মূল্যবোধ রক্ষা করার প্রতি আমরা দায়বদ্ধ।' একইসঙ্গে জরুরি অবস্থার বিরোধিতা করে যাঁরা পথে নেমেছিলেন, তাঁদের প্রতিও সম্মান ও শ্রদ্ধাজ্ঞাপন করেন প্রধানমন্ত্রী মোদি। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জরুরি অবস্থার কথা তুলে এক্স হ্যান্ডলে লেখেন, 'ভারতের গণতন্ত্রের ইতিহাসে এটি একটি অন্ধকার দিন। যখন ক্ষমতার দম্ভ এবং লোভের বশবর্তী হয়ে কংগ্রেস এবং ইন্দিরা গান্ধী সংবিধানের অন্তরাত্মা, সংবাদমাধ্যম এবং মত প্রকাশের স্বাধীনতা ধ্বংস করার চেষ্টা করেছিলেন।' বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন বলেন, 'কংগ্রেস কখনও দেশবাসীর সামনে জরুরি অবস্থার জন্য নিঃশর্ত ক্ষমাপ্রার্থনা করেনি। বরং আজ কংগ্রেস নিজেদের সংবিধানের রক্ষাকর্তা হিসেবে দাবি করে।'

# এনসিইআরটি-র বইয়ে এবার 'জরুরি অবস্থা'

**আবু হায়াত বিশ্বাস**
দিল্লি, ২৫ জুন

ভারতের গণতান্ত্রিক ইতিহাসের সবচেয়ে বিতর্কিত অধ্যায়গুলির অন্যতম ১৯৭৫ সালের জরুরি অবস্থার সময়কাল। এবার সেই 'জরুরি অবস্থা'ও অন্তর্ভুক্ত হল এনসিইআরটি–র নবম শ্রেণির পাঠ্যক্রমে। সমাজবিজ্ঞানের নতুন পাঠ্যপুস্তক 'আন্ডারস্ট্যান্ডিং সোসাইটি: ইন্ডিয়া অ্যান্ড বিয়ন্ড'–এ ভারতীয় গণতন্ত্রের শক্তি, বিকাশ এবং চ্যালেঞ্জ নিয়ে আলোচনার অংশ হিসেবে জরুরি অবস্থার বিষয়টি যুক্ত করা হয়েছে। এনসিইআরটি–র আধিকারিকদের মতে, নবম শ্রেণির পাঠ্যক্রমে এই প্রথম জরুরি অবস্থা নিয়ে পৃথক অধ্যায় রাখা হয়েছে। ১৯৭৫ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ২১ মাসের ওই সময়কে বইয়ে 'ভারতীয় গণতন্ত্রের অন্যতম বড় চ্যালেঞ্জ' হিসেবে তুলে ধরা হয়েছে। শিক্ষার্থীদের গণতন্ত্রের গুরুত্ব, নাগরিক অধিকার এবং সাংবিধানিক ব্যবস্থার কার্যকারিতা সম্পর্কে ধারণা দিতেই এই অধ্যায় যুক্ত করা হয়েছে।

পাঠ্যবইয়ে উল্লেখ করা হয়েছে, তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সরকারের বিরুদ্ধে জন–অসন্তোষ বাড়ছিল। বেকারত্ব, মূল্যবৃদ্ধি এবং প্রশাসনিক অনিয়মের অভিযোগকে কেন্দ্র করে দেশ জুড়ে প্রতিবাদ শুরু হয়। এরপর ১৯৭৫ সালে জরুরি অবস্থা জারি করা হয়, যার ফলে নাগরিকদের বেশির ভাগ মৌলিক অধিকার খর্ব হয়ে যায়। পাঠ্যবইয়ে এই অধ্যায়ের মাধ্যমে শিক্ষার্থীদের ভারতীয় গণতন্ত্রের বিকাশ, তার শক্তি এবং বিভিন্ন সঙ্কট সম্পর্কে ধারণা দেওয়ার চেষ্টা করা হয়েছে। একই সঙ্গে দেশের গণতান্ত্রিক ব্যবস্থার ব্যাপকতা বোঝাতে ভোটে অংশগ্রহণ, নির্বাচন পরিকাঠামো এবং রাজনৈতিক প্রতিনিধিত্বের তথ্যও যুক্ত করা হয়েছে। দেশে জরুরি অবস্থা ঘোষণার ৫০ বছর পূর্তির সময় এনসিইআরটি–র এই সংযোজন বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। 'ডেমোক্রেসি অ্যান্ড ইউ' শীর্ষক ওই অধ্যায়ে নাগরিক হিসাবে কী কী কর্তব্য পালন করা প্রয়োজন, তার ব্যাখ্যা দেওয়া হয়েছে। এ ছাড়াও গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ হিসাবে গণমাধ্যমের ভূমিকা নিয়ে বিশদ বিবরণ রয়েছে ওই বইয়ে।

এদিকে, ভারতের সাংবিধানিক ইতিহাসের 'অন্ধকার অধ্যায়ের' পুনরাবৃত্তি যাতে আর কখনও না ঘটে, তা নিশ্চিত করার জন্য তা মনে রাখা প্রয়োজন— এই যুক্তিতেই এনসিইআরটি–র সিদ্ধান্তকে সমর্থন জানিয়েছে কেন্দ্রের শাসকদল বিজেপি। ১৯৭৫ সালে জরুরি অবস্থা জারির বিষয়টি নিয়ে কংগ্রেসের তীব্র সমালোচনাও করেছে। কংগ্রেসের পাল্টা দাবি, এনসিইআরটি–র এই নতুন অধ্যায় অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত সমর্থনযোগ্য নয়।

### মধ্যপ্রদেশ

## পাম্প-কর্মীর গায়ে আগুন, বাঁচাতে গিয়ে দগ্ধ বাবাও

**সংবাদ সংস্থা**
ভোপাল, ২৫ জুন

মধ্যপ্রদেশের গোয়ালিয়রে পেট্রোলের দাম নিয়ে ক্ষোভ। সেখান থেকে তর্কাতর্কি, পরে ভয়াবহ আক্রমণের রূপ নেয়। অভিযোগ, তিন যুবক এক ২৬ বছর বয়সি পেট্রোল পাম্পকর্মীর গায়ে পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দেয়। মঙ্গলবার রাত ১০টা নাগাদ ঘটনাটি ঘটে। আক্রান্ত ওই কর্মীর নাম আকাশ সেনগার। তিনি আশঙ্কাজনক অবস্থায় জয়রোগ্য হাসপাতালে চিকিৎসাধীন। তাঁকে বাঁচাতে গিয়ে তাঁর বাবাও দগ্ধ হয়েছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, গায়ে আগুন লাগার পর আকাশ সাহায্যের জন্য আর্তনাদ করছিলেন। কাছেই একটি সংস্থার অফিসে নিরাপত্তারক্ষীর কাজ করেন তাঁর বাবা রামচন্দ্র সেনগার। তিনি ছেলেকে বাঁচানোর মরিয়া চেষ্টায় তাঁর দিকে ছুটে যান। তাঁর নিজের পা–ও পুড়ে যায়। স্থানীয়রা বাবা ও ছেলেকে উদ্ধার করে জয়রোগ্য হাসপাতালের বার্ন ইউনিটে নিয়ে যান। পুলিশ জানিয়েছে, আকাশের শরীরের প্রায় ৩৭ শতাংশ পুড়ে গেছে এবং তাঁর অবস্থা আশঙ্কাজনক। পুলিশ ডলি ওরফে অনুজ গুর্জর ও শচীন গুর্জর নামে দুই অভিযুক্তকে গ্রেপ্তার করেছে। তবে তৃতীয় অভিযুক্ত অরবিন্দ ছাভাই পলাতক।

## বাণিজ্যিক গ্যাসের নিষেধাজ্ঞা প্রত্যাহার

**পশ্চিম এশিয়ার সঙ্কটের জেরে বাণিজ্যিক এলপিজি সিলিন্ডারের ওপর আরোপিত বিধিনিষেধ বৃহস্পতিবার প্রত্যাহার করল কেন্দ্র। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, এতে শিল্প ও বাণিজ্যিক গ্রাহকরা স্বস্তি পাবেন। মন্ত্রক জানায়, বর্তমানে দেশীয় উৎপাদন বৃদ্ধি ও আমদানি সরবরাহে উন্নতির কারণে সেই বিধিনিষেধ শিথিল করা হয়েছে। বাল্ক এলপিজি সরবরাহও সঙ্কট–পূর্ব ব্যবহারের ৫০ শতাংশ পর্যন্ত পুনরায় চালু করা হয়েছে।**


Tractors India

**TIL LIMITED**
[CIN: L74999WB1974PLC041725]
Regd. Office : 1, Taratolla Road, Garden Reach, Kolkata-700 024
Tel : 033 6633 2000, Website : www.tilindia.in,
Email : secretarial.department@tilindia.com

**NOTICE OF 51ST ANNUAL GENERAL MEETING OF TIL LIMITED**

NOTICE is hereby given that the 51st Annual General Meeting (AGM) of M/s. TIL LIMITED ('the Company') will be held on Wednesday, 29th July, 2026 at 11.30 a.m at G.D. Birla Sabhagar, 29, Ashutosh Choudhury Avenue, Kolkata – 700019, to transact the businesses as set out in the Notice of the AGM to be sent to all the Members of the Company through electronic mode whose email ids are registered with the Company or the Registrar & Share Transfer Agent (RTA) of the Company i.e., M/s. C B Management Services (P) Ltd. or the Depository Participant(s) and holding equity shares of the Company as on record date, i.e., Thursday, 2nd July, 2026. Additionally, a communication containing the weblink of the Annual Report will be sent to the Members, whose email ids are not registered with the Company or the RTA, through post at their registered addresses.

For TIL Limited
Sd/-
**Chandrani Chatterjee**
Company Secretary

Place : Kolkata
Date : 25.06.2026



পাঞ্জাব নৈশনল বৈঙ্ক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ (এআরএমবি)
কলকাতা উত্তর, ডিডি-১১, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা– ৭০০০৬৪

**প্রকাশ্য বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি অ্যাক্ট)-এর বিধানের অধীনে সুরক্ষিত পাওনাদার হিসাবে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ (এআরএমবি), কলকাতা উত্তর, **মেসার্স অ্যাটকো স্টিলস প্রাইভেট লিমিটেড-এর লোন অ্যাকাউন্টের অধীনে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তিটি প্রাইভেট চুক্তির মাধ্যমে বিক্রি করেছিল** এবং শ্রী সতবিন্দর সিং, শ্রী সুদীপ সেন, শ্রী সৌমিত্র চৌধুরী এবং শ্রী শিবাজী বসুর অনুকূলে ২১.০৮.২০০৯ তারিখের একটি বিক্রয় শংসাপত্র জারি করেছিল।
উক্ত বিক্রয় শংসাপত্র যথাযথভাবে জারি করা সত্ত্বেও আজ পর্যন্ত অনিবন্ধিত রয়ে গেছে। ব্যাঙ্ক এখন উপযুক্ত নিবন্ধনকারী কর্তৃপক্ষের কাছে উপরোক্ত সেল সার্টিফিকেট নিবন্ধনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।

**সম্পত্তির তফসিল**

**কলকাতা পুরসভা, জেলা– দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ, থানা– বেহালা, মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৩৫৫/১, উপেন ব্যানার্জি রোড (বেহালা এয়ারপোর্ট রোড), কলকাতা– ৭০০০৬০-এ অবস্থিত, দাগ নং ২৮১ এবং ২৮২-এর অংশবিশেষ, খতিয়ান নং ১৩৭৭, আর এস নং ৮৩, জে এল নং ২, মৌজা– বেহালা-স্থিত প্রায় ৪২.৬৬৭ ডেসিমেল পরিমাপের সমগ্র জমির প্লট এবং তার উপর অবস্থিত কাঠামো।** সম্পত্তির চৌহদ্দি: উত্তর– প্রেমিসেস নং ২৬৩/৪, উপেন ব্যানার্জি রোড; দক্ষিণ– শ্রীগুরুভাণ্ডারের দোতলা ভবন; পূর্ব– অন্যান্য সম্পত্তি; পশ্চিম– পুর রাস্তা।
মেসার্স অ্যাটকো স্টিলস প্রাইভেট লিমিটেড, এর ডিরেক্টর, জামিনদার, আইনি উত্তরাধিকারী, স্থলাভিষিক্ত ব্যক্তি, স্বত্বনিয়োগী, পাওনাদার, দখলদার, ভাড়াটিয়া বা তাদের মাধ্যমে বা তাদের অধীনে দাবি করা অন্য কোনো ব্যক্তিসহ যে কোনো ব্যক্তি (তবে এদের মধ্যেই সীমাবদ্ধ নয়), যার উপরোক্ত সম্পত্তির বিষয়ে এবং/অথবা বিক্রয় শংসাপত্রের প্রস্তাবিত নিবন্ধনের ক্ষেত্রে কোনো অধিকার, স্বত্ব, স্বার্থ, দাবি, চাহিদা, লিয়েন, চার্জ, দায়বদ্ধতা বা আপত্তি থাকলে, তাকে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৫ (পনেরো) দিনের মধ্যে সমর্থনযোগ্য নথিপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর কাছে লিখিতভাবে এই ধরনের দাবি বা আপত্তি জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।
উপরোক্ত সময়ের মধ্যে কোনো দাবি বা আপত্তি না পাওয়া গেলে, এটি ধরে নেওয়া হবে যে উক্ত সম্পত্তি বা বিক্রয় শংসাপত্রের নিবন্ধনের বিষয়ে কোনো ব্যক্তির কোনো বিদ্যমান অধিকার, স্বত্ব, স্বার্থ, দাবি বা আপত্তি নেই এবং ব্যাঙ্ক ২১.০৮.২০০৯ তারিখের বিক্রয় শংসাপত্রের নিবন্ধন এবং আনুষঙ্গিক সমস্ত পদক্ষেপ নিয়ে অগ্রসর হবে, যার জন্য কাউকে আর কোনো নোটিশ দেওয়া হবে না বা উল্লেখ করা হবে না।
**দাবি/আপত্তি (যদি থাকে) এখানে পাঠানো যেতে পারে:** অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ (এআরএমবি), কলকাতা উত্তর, ডিডি-১১, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা– ৭০০০৬৪

**স্বা/-অনুমোদিত আধিকারিক**
**তারিখ: ২৬.০৬.২০২৬**
**অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ (এআরএমবি)**
**পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক**
**স্থান: কলকাতা**



**'ফর্ম নং ইউআরসি-২'**
XXI অধ্যায়ের পার্ট I-এর অধীনে নিবন্ধনের বিষয়ে বিজ্ঞপ্তি প্রদানকারী বিজ্ঞাপন [কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ৩৭৪(বি) এবং কোম্পানি (নিবন্ধনের জন্য অনুমোদিত) নিয়মাবলি ২০১৪-এর রুল ৪(১) অনুসারে]
১. এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ৩৬৬-এর উপ-ধারা (২) অনুসরণে, এর পনেরো দিন পরে কিন্তু এরপরে ত্রিশ দিনের মেয়াদ শেষ হওয়ার আগে রেজিস্ট্রারের কাছে একটি আবেদন করার প্রস্তাব করা হয়েছে যাতে ইজি মেডি এলএলপি (প্যান:- AAMFE5752H) নামক একটি এলএলপি-কে কোম্পানি আইন ২০১৩-এর XXI অধ্যায়ের পার্ট I-এর অধীনে ইজি মেডি প্রাইভেট লিমিটেড নামে শেয়ার দ্বারা সীমিত একটি কোম্পানি হিসেবে নিবন্ধিত করা যেতে পারে।
২. কোম্পানির প্রধান উদ্দেশ্যগুলি নিম্নরূপ: ভারত এবং বিদেশে স্বাস্থ্যসেবা সম্পর্কিত বিশেষজ্ঞ পরামর্শ ও পরিষেবা প্রদান এবং রেডি বা ফরওয়ার্ড ভিত্তিতে সম্পর্কিত ক্রিয়াকলাপের বিবরণের ব্যবসা পরিচালনা করা।
৩. প্রস্তাবিত কোম্পানির মেমোরেন্ডাম এবং আর্টিকলস অফ অ্যাসোসিয়েশনের খসড়ার একটি অনুলিপি সি/ও– আবদুল গফুর, গ্রাম– বালুপুর, পোঃঅঃ– বালুপুর, থানা– রতুয়া, জেলা– মালদহ, পিন– ৭৩২২০৫, পশ্চিমবঙ্গ-স্থিত অফিসে যে কোনো কাজের দিন সকাল ১০:৩০ থেকে বিকেল ৫:৩০ পর্যন্ত পরিদর্শন করা যেতে পারে।
৪. এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, এই আবেদনে আপত্তিকারী কোনো ব্যক্তি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২১ (একুশ) দিনের মধ্যে সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), কর্পোরেট বিষয়ক মন্ত্রক, সিআরসি মানেসর, প্লট নং– ৬, ৭, ৮, সেক্টর– ৫, আইএমটি মানেসর, জেলা– গুরগাঁও, হরিয়ানা, ভারত, ১২২০৫০ ঠিকানায় রেজিস্ট্রারের কাছে লিখিতভাবে তাদের আপত্তি জানাতে পারবেন এবং তার একটি অনুলিপি কোম্পানির নিবন্ধিত অফিসে পাঠাতে হবে।
তারিখ: ২৬ জুন, ২০২৬
স্থান: মালদহ

আবেদনকারীর নাম
ইজি মেডি এলএলপি
স্বা/-
১. হেবজুর রহমান
DPIN-11395861
২. সুলতানা পারভিন
DPIN-11395862



**Bandhan Bank**
আঞ্চলিক কার্যালয়: নেতাজি মার্গ, মিঠাখালি সিক্স রোডসের নিকটে, এলিসব্রিজ, আহমেদাবাদ–6, ফোন: +91–26421671–75

**প্রতীকী দখলের বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, 2002–এর রুল 3–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, 2002–এর 13(12) ধারাধীনে অর্পিত ক্ষমতা প্রয়োগে এই নোটিস জারি করা হচ্ছে যে, ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক নিম্নোক্ত অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে 60 দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
সংশ্লিষ্ট ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায়, এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল নং 8–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের 13(4) ধারাধীনে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির প্রতীকী দখল নিয়েছেন।
বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তিগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করে দেওয়া হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন ব্যাঙ্কের বকেয়া অর্থাঙ্ক, সুদ, খরচ ও চার্জ সমেত ব্যাঙ্কের প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের 13 নং ধারার (8) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ বন্ধকদাতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

| ঋণগ্রহীতা, জামিনদারের নাম এবং লোন অ্যাকাউন্ট নম্বর | বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (সুরক্ষিত পরিসম্পদ) | দাবি বিজ্ঞপ্তির তারিখ | প্রতীকী দখলের তারিখ | দাবি বিজ্ঞপ্তির তারিখে অনাদায়ী বকেয়া |
|---|---|---|---|---|
| সফিয়ার হোসেন মণ্ডল<br>তসলিমা খাতুন মণ্ডল<br>71190000003525 | জমি, পরিমাপ প্রায় 1.88 শতক, অবস্থান: জেলা– নদিয়া, মৌজা– উত্তর দত্তপাড়া-এর অধীনে, জেএল নং 25, আরএস খতিয়ান নং 943, 105, এলআর খতিয়ান নং 3426, এলআর দাগ নং 2126, থানা– হরিণঘাটা। চৌহদ্দি: উত্তর– 12 ফুট চওড়া রাস্তা; পূর্ব– মিন্নার হোসেনের বাড়ি; পশ্চিম– আব্দুল কাসেম মণ্ডলের জমি; দক্ষিণ– আলাউদ্দিন মণ্ডলের পুকুর। | 28 নভেম্বর, 2025 | 22 জুন, 2026 | ₹7,49,542.51 (11 নভেম্বর, 2025 অনুযায়ী বকেয়া) |
| মহঃ ইমামউদ্দিন<br>মিসেস জিন্নতআরা খাতুন<br>20002430000137 | স্থাবর সম্পত্তি, অবস্থান: মৌজা– পূর্বগ্রাম, জে.এল. নং– 108, খতিয়ান নং– এল.আর. 1326, প্লট নং– এল.আর. 284, জমির পরিমাণ 0.13 একর, থানা– সালার, জেলা– মুর্শিদাবাদ, তালিবপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে, পশ্চিমবঙ্গ। চৌহদ্দি: উত্তর– রাস্তা; পূর্ব– ড্রেন; পশ্চিম– ফরিদা বেগম; দক্ষিণ– বকর শেখ। | 26 জুন, 2025 | 22 জুন, 2026 | ₹12,62,516.28 (21 জুন, 2025 অনুযায়ী বকেয়া) |
| সুপল বাউরি<br>মিসেস পিঙ্কি বাউরি<br>90001080989467 | এলআর প্লট নং 133, 134 এবং 135, জমির পরিমাপ প্রায় 1345.00 বর্গফুট, আরএস এবং এলআর খতিয়ান নং 100, 104 এবং 184, জেএল নং 109, অবস্থান: মৌজা– সুলতানডি, ভামুরিয়া গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা– নিতুড়িয়া, জেলা– পুরুলিয়া, রাজ্য– পশ্চিমবঙ্গ, পিন– 723121। চৌহদ্দি: উত্তর– 15 ফুট চওড়া রাস্তা; পূর্ব– এলআর প্লট নং 135; পশ্চিম– এলআর প্লট নং 132; দক্ষিণ– এলআর প্লট নং 206। | 09 মার্চ, 2026 | 22 জুন, 2026 | ₹29,06,810.28 (11 ফেব্রুয়ারি, 2026 অনুযায়ী বকেয়া) |
| বিজ্ঞানা নন্দ আচার্য<br>মিসেস সমাপ্তি গাঙ্গুলি<br>90001272265537 | সম্পত্তি, পরিমাপ প্রায় 390.00 বর্গফুট, অবস্থান: ফাইনাল প্লট নং– আরএস এবং এলআর প্লট নং– 256, সার্ভে নং– জেএল নং– 83, বিল্ডিং নং– বিজ্ঞানা, ফ্লোর নং– 01, বিল্ডিংয়ের নাম– বিজ্ঞানা, রাস্তার নাম– পারবেদিয়া পুরুলিয়া, শহর– রঘুনাথপুর-লি, পশ্চিমবঙ্গ, পিন– 723121। চৌহদ্দি: উত্তর– উমাপদ আচার্যের জমি; পূর্ব– পুকুর; পশ্চিম– দয়াময় আচার্যের জমি; দক্ষিণ– অসিত বরণ আচার্যের জমি। | 24 ডিসেম্বর, 2025 | 22 জুন, 2026 | ₹9,10,684.63 (09 ডিসেম্বর, 2025 অনুযায়ী বকেয়া) |

**স্থান: পশ্চিমবঙ্গ, তারিখ: 26 জুন, 2026**
**অনুমোদিত আধিকারিক, বন্ধন ব্যাঙ্ক লিমিটেড**



সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
सेन्ट्रल बैंक ऑफ़ इंडिया
Central Bank of India

**রিজিওনাল অফিস: কলকাতা নর্থ**
৪ নং ফ্লোর, ৩৩, এন এস রোড, কলকাতা–৭০০০০১
মোবাইল নম্বর: ৯১–৮২০৮৮০০৭১৭ / ৯১–৯৯৩৭৯৮৭৪৪০
ই–মেল: recoverykolknro@centralbank.co.in

**ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

**পরিশিষ্ট IV–A [রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]**
**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (সুরক্ষিত ঋণদাতা) কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ এবং সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (সুরক্ষিত ঋণদাতা) অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক/প্রতীকী (সংশ্লিষ্ট সম্পত্তির পাশে নির্দিষ্টভাবে উল্লিখিত) দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (সুরক্ষিত ঋণদাতা) পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নিম্নবর্ণিত সম্পত্তিগুলি **'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্য অনুসারে সম্পত্তির ওপর কোনও দায় বিদ্যমান নেই। অবশ্য, বিডাররা অবশ্যই নিজেদের বিড জমা দেওয়ার আগে নিলাম হতে চলা সম্পত্তি সংক্রান্ত দায়, স্বত্ব ও সম্পত্তিকে প্রভাবিত করতে পারে এমন দাবি/ অধিকার/ বকেয়া সম্পর্কে নিজ উদ্যোগে স্বাধীনভাবে অনুসন্ধান চালিয়ে সন্তুষ্ট হয়ে নেবেন। সংরক্ষণ মূল্য এবং বায়না অর্থাঙ্ক (ইএমডি) প্রতিটি সম্পত্তির বিশদ বিবরণে উল্লেখ করা আছে।

| অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতা ও জামিনদারের নাম | সম্পত্তির বিশদ বিবরণ (ফ্ল্যাট/ দোকান/ জমি/ বাড়ি ইত্যাদি) | প্রপার্টি আইডি | ১৩(২) নোটিসের তারিখ অনাদায়ী বকেয়া (লক্ষ টাকায়) ১৩(৪) নোটিসের তারিখ | সংরক্ষণ মূল্য (আরপি) বায়না জমা (ইএমডি) বিড গুণক (বিআইএ) |
|---|---|---|---|---|
| **১. মেসার্স সিমোকো টেলিকমিউনিকেশনস (সাউথ এশিয়া) লিমিটেড<br>মিঃ সঞ্জয় কুমার ঘোষ (ম্যানেজিং ডিরেক্টর ও জামিনদার)<br>মিঃ প্রসেনজিৎ মুখার্জি (ডিরেক্টর)<br>মিঃ মিঠুন মুখার্জি (ডিরেক্টর)<br>মিঃ অভিজিৎ মুখার্জি (ডিরেক্টর)<br>শাখা অফিস: সল্ট লেক** | 'গোদরেজ জেনেসিস আইটি পার্ক' নামক বহুতল বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই বিল্ডিংয়ের ৩ নং ফ্লোরে সামান্য কমবেশি ৭৯৫৪.৬২ বর্গফুট মাপের স্বয়ংসম্পূর্ণ বাণিজ্যিক অফিস স্পেস নং ৩–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: প্লট নং XI–৯, ১০, ১৩ ও ১৪, ব্লক– ইপি এবং জিপি, সেক্টর ৫, সল্ট লেক সিটি, থানা– ইলেকট্রনিক্স কমপ্লেক্স, সল্ট লেক, কলকাতা–৭০০০৯১, অ্যাসেসি নং ০১৩৩, এডিএসআর– বিধাননগর, ডিআর অফিস– বারাসত, উত্তর ২৪ পরগনা।<br>সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: পূর্ব– অফিস স্পেস নং ১; পশ্চিম– লিফ্‌ট, লবি; দক্ষিণ– অফিস স্পেস নং ৪; উত্তর– অফিস স্পেস নং ২–এর জন্য টেরেস। | CBINKOL1353SIMOCO | ০২.০৫.২০২৩<br>₹৯৪০.০০ লক্ষ<br>১৬.০৮.২০২৩<br>(বাস্তবিক দখলাধীন) | আরপি: ₹৫,৬৭,০০,০০০.০০<br>ইএমডি: ₹৫৬,৭০,০০০.০০<br>বিআইএ: ₹১,০০,০০০.০০ |

| ই–নিলাম | পরিদর্শনের তারিখ ও সময় | নিলামের জন্য ইএমডি জমা দেওয়া শুরুর তারিখ ও সময় | ইএমডি অর্থাঙ্ক জমার শেষ তারিখ ও সময় | ই–নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| সম্পত্তি নং ১ | ১৫ জুলাই, ২০২৬; দুপুর ১২টা থেকে বিকেল ৪টে | ১১ জুলাই, ২০২৬; সকাল ১১টা থেকে | ২০ জুলাই, ২০২৬; বিকেল ৫টা পর্যন্ত | ২০ জুলাই, ২০২৬; সকাল ১০টা থেকে সন্ধে ৬টা |

**সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল ৮(৬) অধীনে ১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**

নিলাম পরিচালিত হবে ব্যাঙ্কের অনুমোদিত সার্ভিস প্রোভাইডার, ই–নিলাম এজেন্সির ওয়েবসাইট https://www.baanknet.com/–এর মাধ্যমে। ই–নিলাম এজেন্সির সঙ্গে যোগাযোগ সম্পর্কিত তথ্য হল:
• পিএসবি অ্যালায়েন্স হেল্পডেস্ক নম্বর: +৯১–৮২৯১২২০২২০, ই–মেল: support.baanknet@psballiance.com.
বিডার রেজিস্ট্রেশন এবং ইএমডি প্রদান/ ফেরত সংক্রান্ত প্রশ্নের ব্যাখ্যা পেতে যোগাযোগ: support.baanknet@psballiance.com। অনুগ্রহপূর্বক হেল্পডেস্ক আধিকারিকদের সঙ্গে কাজের দিনে অফিস চলার মেয়াদে যোগাযোগ করবেন।
**যথেষ্ট সময় হাতে থাকতেই নিম্নলিখিত আনুষ্ঠানিকতাগুলি সম্পন্ন করে রাখতে বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে:**
**ধাপ ১: বিডার/ক্রেতা রেজিস্ট্রেশন:** ই–নিলাম প্ল্যাটফর্ম https://www.baanknet.com–তে নিজের মোবাইল নম্বর ও ই–মেল আইডি দিয়ে বিডারদের রেজিস্ট্রেশন করে নিতে হবে।
**ধাপ ২: কেওয়াইসি যাচাই:** ই–কেওয়াইসি–র অংশ হিসেবে প্রয়োজনীয় নথিগুলি সিস্টেমে যাচাই করা হবে।
অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, এই ধাপ নং ১ ও ধাপ নং ২ বিডারদের তরফে **যথেষ্ট সময় আগেই** সম্পন্ন করে রাখতে হবে।
**ধাপ ৩: ইএমডি অর্থাঙ্ক:** নিলামের যথেষ্ট আগে/ নিলাম চলার সময় নিজের গ্লোবাল ইএমডি ওয়ালেটে অনলাইন উপায়ে (অর্থাৎ, এনইএফটি/ ট্রান্সফার/ ইউপিআই/ নেটব্যাঙ্কিং) আগ্রহী বিডার/ক্রেতারা ইএমডি অর্থাঙ্ক স্থানান্তর করে দেবেন। গ্লোবাল ইএমডি ওয়ালেটে ইএমডি অর্থাঙ্ক উপলব্ধ না থাকলে, সিস্টেম সংশ্লিষ্ট বিডারকে বিড করতে দেবে না। রেজিস্ট্রেশন, কেওয়াইসি নথি যাচাই এবং ওয়ালেটে ইএমডি স্থানান্তরের কাজগুলি নিলামের নির্ধারিত সময়সীমার যথেষ্ট সময় আগেই সম্পন্ন করে রাখতে হবে। বিডাররা এক বা সমস্ত সম্পত্তির জন্য দরপ্রস্তাব জমা দিতে পারবেন। কেবলমাত্র তাঁর অ্যাকাউন্টে যথেষ্ট ইএমডি থাকলে তবেই কোনও আগ্রহী বিডার ই–নিলামের তারিখে বিড করতে সক্ষম হবেন। বিডিংয়ের সময় বিডারের গ্লোবাল ওয়ালেটে যথেষ্ট ব্যালান্স (ইএমডি অর্থাঙ্কের সমান বা বেশি) থাকতেই হবে। একাধিক সম্পত্তির জন্য দরপ্রস্তাব জমার ক্ষেত্রে প্রত্যেক সম্পত্তির জন্য ইএমডি জমা দিতে হবে। ব্যাঙ্কিংয়ের কারবার অনুযায়ী এই প্রক্রিয়ায় কিছুটা সময় লাগতে পারে এবং সেই কারণে বিডারদের নিজেদের স্বার্থেই শেষ মিনিটের সমস্যা এড়াতে যথেষ্ট সময় হাতে থাকতে প্রাক্–বিড অর্থাঙ্ক জমা করার পরামর্শ দেওয়া হচ্ছে।
ইএমডি/ নিলাম প্রক্রিয়া চলাকালীন বিডিংয়ের সময় অর্থাঙ্ক প্রদানের জন্য অনুগ্রহপূর্বক https://www.baanknet.com ওয়েব পোর্টালে দেওয়া নির্দেশিকা অনুসরণ করুন।
**ধাপ ৪: বিডিং প্রক্রিয়া এবং নিলামের ফলাফল:** ওপরের ধাপ নং ১, ২ ও ৩ সম্পন্ন করার পরে ই–নিলাম প্ল্যাটফর্মে আগ্রহী ও রেজিস্টার্ড বিডাররা অনলাইনে বিড করতে পারবেন।
কোনও সম্পত্তির ক্ষেত্রে মাত্র একজন বিডার থাকলে, সেই একক বিডারকেও ই–নিলামে অংশ নিতে হবে এবং ওপরে সংশ্লিষ্ট সম্পত্তির পাশে উল্লিখিত ও বিড গুণক হিসেবে নির্ধারিত অর্থমূল্যের সমমূল্যের বর্ধিত দরপ্রস্তাব জমা দিতে হবে, যার অন্যথা হলে তাঁকে সফল বিডার হিসেবে ঘোষণা করা হবে না।
ইএমডি/ নিলাম প্রক্রিয়া চলাকালীন বিডিংয়ের সময় অর্থাঙ্ক প্রদানের জন্য অনুগ্রহপূর্বক https://www.baanknet.com ওয়েব পোর্টালে দেওয়া নির্দেশিকা অনুসরণ করুন।
বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহপূর্বক ব্যাঙ্কের www.centralbankofindia.co.in ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন।

**তারিখ: ২৬ জুন, ২০২৬**
**স্থান: কলকাতা**
**অনুমোদিত আধিকারিক, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**
**ই–মেল আইডি: recoverykolknro@centralbank.co.in**